**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 19 July 2025** **TIME: 7:35 AM**

---

আসাম মন্ত্রীসভা মিশন বসুন্ধরার অধীনে জমি বন্টন ,একটি কুঁড়ি দুটি পাতা প্রকল্পে আর্থিক অনুমোদন , ডিব্রুগড়ের আসাম মেডিকেল কলেজ ও হাসপাতালে শিক্ষকের আবাসগৃহ ও ছাত্রাবাস নির্মাণ প্রকল্পে অনুমোদন জানানো সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে গতকাল দিসপুরের লোকসেবা ভবনে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্তগুলি গ্রহণ করা হয়েছে । মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের অধীনে রাজ্যসরকারের ৩৩৬ টি পরিকাঠামোমূলক প্রকল্প , নিগম ও পরিষদের ৪৫ টি পরিকাঠামোমূলক প্রকল্প এবং তিন হাজার ২৪৭ টি ন্যায় প্রতিষ্ঠান তথা ২৮ টি কেন্দ্রীয় সরকারের বিভাগ ও সংস্থা সহ চার হাজারেরও অধিক পরিকাঠামোমূলক প্রকল্পের জন্য জমি বন্টনে অনুমোদন জানানো হয়েছে ।

এদিকে একটি কুঁড়ি দুটি পাতা প্রকল্প রূপায়নের জন্য ৩৪২ কোটি টাকা অর্থ বন্টনের ক্ষেত্রেও মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । এই প্রকল্পের অধীনে যোগ্য বিবেচিত চা বাগানের প্রায় সাত লক্ষ শ্রমিক ও কর্মচারীকে পাঁচ হাজার টাকার একটি করে কিস্তিতে এই অর্থ বন্টন করা হবে । এছাড়া আসাম মন্ত্রীসভায় গতকাল জাতীয় প্রতিবন্ধী অধ্যয়ন বিশ্ববিওদ্যালয় স্থাপনের জন্য সামাজিক ন্যায় ও সবলীকরণ মন্ত্রণলয়কে জমি বন্টন ও প্রিমীয়াম রেহাইয়ের

ক্ষেত্রে অনুমোদন জানানো সহ আরো কয়েকটি প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে ।

---

রাজ্যে চলতি বছরেরর অক্টোবর মাসের মধ্যে পুনরায় ৪০ থেকে ৫০ হাজার নিযুক্তিপত্র প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ঘোষণা করেছেন ।রাজ্য সরকারের স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে মুখ্যমন্ত্রী গতকাল গৌহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে উচ্চ কারিগড়ি শিক্ষা বিভাগের অধীনে ৩৪২ জন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করে সাংবাদিকদের একথা জানান । এরমধ্যে রাজ্যের পলিটেকনিক গুলোতে ১৪১ জন কারিগড়ি বিষয়ের অধ্যাপক ও ৯৫ জন অন্যান্য বিষয়ের অধ্যাপক সহ মোট ২৩৬ জনকে নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে । এছাড়া রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিক গুলোতে ৮৫ জন প্রবীণ প্রশিক্ষক , ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে ৩ জন লাইব্রেরিয়ান এবং পলিটেকনিক গুলোতে ১৮ জনকে লাইব্রেরিয়ান পদে নিযুক্তি পত্র প্রদান করা হয় । এই নিযুক্তিপত্র প্রদান করার ফলে বর্তমান রাজ্য সরকারের কার্যকালে এপর্যন্ত মোট ১ লক্ষ ২১ হাজার ১৮২ জনকে নিযুক্তপত্র প্রদান করা হয়েছে ।এ উপলক্ষে তাঁর ভাষণে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন নব নিযুক্ত এই প্রার্থীদের আসাম ইঞ্জিনিয়ারিং সেবা নিযূক্তি পর্ষদের অনুমোদনের ভিত্তিতে নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে ।রাজ্যের ২৬ টি সরকারী পলিটেকনিক ও ৭ টি

ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যাপকের শূণ্য পদ পূরণ প্রক্রিয়া চলতি বছরের ডিসেম্বর মাসে সম্পূর্ণ হয়ে উঠবে বলে মুখ্যমন্ত্রী জানান । মুখ্যমন্ত্রী রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিক গুলোর গুণগত

মান উন্নয়ন সহ দক্ষ মানব সম্পদ সৃষ্টি করার ওপর গুরুত্ব আরোপ করেন ।

---

মুম্বাইয়ের দি স্পাইন ফাউন্ডেশন ( টি এস এফ ) এর সহযোগিতায় আসাম বিশ্ববিদ্যালয়ে গতকাল থেকে তৃতীয় মেরুদন্ড অস্ত্রপোচার শিবির শুরু হয়েছে । আগামীকাল এই শিবির সমাপ্ত হবে । এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পি এম জি হলে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে টি এস এফের প্রতিষ্ঠাতা তথা বিখ্যাত স্পাইন সার্জন ডঃ শেখর ভোজরাজ , টি এস এফের ট্রাস্টি ও স্পাইন সার্জন ডঃ শীতল মোহিত , বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ আলফারিদ হোসেন , পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক ডঃ বিবেক ভার্মা প্রমুখ উপস্থিত ছিলেন । শিবিরে মেরুদন্ডের বিভিন্ন রোগে আক্রান্ত রোগীদের বিনামূল্যে পরামর্শ ও রোগ নির্ণয় করা হয় ।
এ বিষয়ে ডা: ভোজরাজ বলেন--- **বাইট----**

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় প্রথম খেলায় নাংখাও এফ সি ইয়ুথ ব্লোমিং ক্লাবের মুখোমুখি হবে এবং দ্বিতীয় খেলায় এভারেষ্ট হাইট ক্লাব চিরু স্পোর্টিং ক্লাবের মুখোমুখি হবে ।
পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় সিংগেরবন্দ ফুটবল একাডেমী ৬-১ গোলে দিগর মার স্পোর্টিং ক্লাবকে পরাজিত করেছে ।

প্রথম খেলায় নাংখাও এফ সি খেলবে ইয়ুথ ব্লোমিং ক্লাবের বিরুদ্ধে এবং এভারেষ্ট হাইট খেলবে চিরু স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে ।

---

পালংঘাটের মাতা সংঘের উদ্যোগে আগামী ২৭শে জুলাই থেকে পালংঘাট চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী প্রাইজ মানি নক আউট ফুটবল প্রতিযোগীতা শুরু হবে । এবছর প্রতিযোগীতার বিজয়ী দলকে এক লক্ষ টাকা এবং রার্নাস আপ দলকে ৫০ হাজার টাকা সহ ট্রফি প্রদান করা হবে ।

---